# রেসিডেন্সিয়াল মডেল মাদ্রাসা, বাউফল

দাখিল অষ্টম শ্রেণি তথ্য ও যোগাযোগ প্রযুক্ত

সাপ্তাহিক নোট

প্রথম অধ্যায়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব

---

সংক্ষিপ্ত প্রশ্ন

১। শিক্ষা ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির দুটি ব্যবহার লিখ।
উ: শিক্ষা ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) বিভিন্নভাবে ব্যবহার হয়। এর দুটি গুরুত্বপূর্ণ ব্যবহার হলো -
(ক) তথ্য প্রযুক্তি ব্যবহার করে সহজেই বিভিন্ন ভর্তি পরীক্ষার আবেদন করা যায়।
(খ) তথ্য প্রযুক্তি ব্যবহার করে ঘরে বসে যেকোন পরীক্ষার ফলাফল জানা যায়।
২। তথ্য প্রযুক্ত কীভাবে উৎপাদনশীলতা বৃদ্ধি করে**?**
উঃ তথ্য প্রযুক্ত সংযুক্তির মাধ্যমে উৎপাদনশীলতা বাড়ে। ড. ইকবাল কাদিরের মতে, সংযুক্তিই উৎপাদনশীলতা। প্রযুক্তর মাধ্যমে দক্ষতা বৃদ্ধি পেয়ে প্রতিষ্ঠান স্বল্প কর্মী দিয়ে বেশি কাজ সম্পন্ন করতে সক্ষম হয়, যা উৎপাদনশীলতা বাড়ার মূল কারণ।
৩। ভার্চুয়াল প্রতিষ্ঠান কী এবং এর বৈশিষ্ট্য কী**?**
উঃ ভার্চুয়াল প্রতিষ্ঠান হলো এমন একটি প্রতিষ্ঠান যা অনলাইন ভিত্তিক। এর বৈশিষ্ট্য হলো-
(ক) এ ধরণের প্রতিষ্ঠানে কর্মী ঘরে বসে কাজ করতে পারে।
(খ) কর্মীদের কাজ অনলাইন মনিটরিং এর মাধ্যমে পরিচালিত হয়।
৪। যোগাযোগের পদ্ধতিকে কয়ভাগে ভাগ করা যায়**?**
উঃ যোগাযোগের পদ্ধতিকে দুই ভাগে ভাগ করা যায়: একমুখী এবং দ্বিমুখী। একমুখী পদ্ধতিতে একজন ব্যক্তি বা প্রতিষ্ঠান অনেকের সাথে যোগাযোগ করে, যেমন রেডিও ও টেলিভিশন। অন্যদিকে, দ্বিমুখী পদ্ধতিতে উভয়পক্ষ যোগাযোগে অংশগ্রহণ করতে পারে, যেমন টেলিফোন।
৫। একমুখী ও দ্বিমুখী যোগাযোগ ব্যবস্থার পার্থক্য লেখ।
উঃ একমুখী ও দ্বিমুখী যোগাযোগ ব্যবস্থার পার্থক্য নিম্নরূপ-

| একমুখী যোগাযোগ | দ্বিমুখী যোগাযোগ |
|---|---|
| ১। যেখানে একজন ব্যক্তি বা একটি প্রতিষ্ঠান একাধিক ব্যক্তির সঙ্গে যোগাযোগ করে, তবে প্রতিক্রিয়া জানানোর সুযোগ থাকে না। | ১। যেখানে দুই পক্ষের মধ্যে সরাসরি তথ্য বিনিময়ের সুযোগ থাকে। |
| ২। এটি একমুখী বা Broadcast পদ্ধতিতে কাজ করে। যেমন-রেডিও, টেলিভিশন, সংবাদপত্র ইত্যাদি। | ২। এটি সংলাপ ভিত্তিক পদ্ধতিতে কাজ করে। যেমন-ফোন, ভিডিও কল, চ্যাটিং ইত্যাদি। |

বহুনির্বাচনি

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারের ফলে মানুষের—
(ক) কষ্ট বাড়ে (খ) সময় বাঁচে
(গ) দক্ষতা কমে (ঘ) খরচ বৃদ্ধি পায়
উত্তর: (খ) সময় বাঁচে
২. ইন্টারনেটের মাধ্যমে ঘরে বসে আয়ের সুযোগকে কী বলে?
(ক) ই-মেইল (খ) ব্রাউজিং
(গ) আউটসোর্সিং (ঘ) চ্যাটিং
উত্তর: (গ) আউটসোর্সিং
৩. কোনটি ব্যবহারের ফলে বড় বড় কলকারখানার কাজ স্বয়ংক্রিয়ভাবে করা সম্ভব হচ্ছে?

(ক) ক্যালকুলেটর (খ) রোবটিক্স ও আইসিটি
(গ) টেলিভিশন (ঘ) রেডিও
উত্তর: (খ) রোবটিক্স ও আইসিটি
৪. বর্তমানে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে কোন কাজটি দ্রুত করা যায়?
(ক) টাকা আদান-প্রদান (খ) গান শোনা
(গ) ছবি তোলা (ঘ) গেম খেলা
উত্তর: (ক) টাকা আদান-প্রদান
৫. দক্ষ চিকিৎসকের পরামর্শ দূরবর্তী স্থানে বসে পাওয়ার পদ্ধতিকে কী বলে?
(ক) ইন্টারনেট সেবা (খ) ই-পর্চা
(গ) টেলিমেডিসিন (ঘ) ই-কমার্স
উত্তর: (গ) টেলিমেডিসিন
৬. দোকানের বিক্রয় তথ্য ও হিসাব রাখার জন্য কোন প্রযুক্তি ব্যবহৃত হয়?
(ক) GPS (খ) EPOS
(গ) ATM (ঘ) CCTV
উত্তর: (খ) EPOS
৭. সরকারি কাজে আইসিটি ব্যবহারের ফলে কোনটি বৃদ্ধি পায়?
(ক) জটিলতা (খ) অস্বচ্ছতা
(গ) স্বচ্ছতা ও জবাবদিহিতা (ঘ) দুর্নীতি
উত্তর: (গ) স্বচ্ছতা ও জবাবদিহিতা
৮. জমির রেকর্ড অনলাইনে পাওয়ার পদ্ধতিকে কী বলা হয়?
(ক) ই-পুর্জি (খ) ই-পর্চা
(গ) ই-বুক (ঘ) ই-টিকেটিং
উত্তর: (খ) ই-পর্চা
৯. মাল্টিমিডিয়া ক্লাসরুমের প্রধান উপকরণ কোনটি?
(ক) ব্ল্যাকবোর্ড (খ) প্রজেক্টর ও কম্পিউটার
(গ) রেডিও (ঘ) খাতা-কলম
উত্তর: (খ) প্রজেক্টর ও কম্পিউটার
১০. ICT-এর পূর্ণরূপ কোনটি?
(ক) Internet and Computer Tool
(খ) Information and Communication Technology
(গ) Internal Communication Team
(ঘ) Interactive Computer Theory
উত্তর: (খ) Information and Communication Technology
১১. ব্যবসায়িক পণ্য দ্রুত গন্তব্যে পৌঁছানোর খবর কিসের মাধ্যমে পাওয়া সহজ হয়?
(ক) পোস্ট অফিস (খ) জিপিএস (GPS)
(গ) মাইক্রোফোন (ঘ) স্ক্যানার
উত্তর: (খ) জিপিএস (GPS)
১২. সরকারি বিজ্ঞপ্তিসমূহ দ্রুত প্রচারের মাধ্যম কোনটি?
(ক) ডাকঘর (খ) সরকারি ওয়েব পোর্টাল
(গ) মাইকিং (ঘ) দেয়াল লিখন
উত্তর: (খ) সরকারি ওয়েব পোর্টাল
১৩. ই-টিকিটের মাধ্যমে আমরা কিসের টিকিট কাটতে পারি?
(ক) সিনেমা (খ) ট্রেন ও বাস
(গ) বিমান (ঘ) ওপরের সবগুলো

উত্তর: (ঘ) ওপরের সবগুলো
১৪. কৃষকরা ফসলের রোগ ও প্রতিকার জানতে কোন সেবা ব্যবহার করেন?
(ক) ই-কৃষি সেবা বা কৃষি অ্যাপ (খ) ই-পর্চা
(গ) সোশ্যাল মিডিয়া (ঘ) ই-কমার্স
উত্তর: (ক) ই-কৃষি সেবা বা কৃষি অ্যাপ
১৫. অফিসের কাজকে স্বয়ংক্রিয় করার পদ্ধতিকে কী বলা হয়?
(ক) ডাটা এন্ট্রি (খ) অফিস অটোমেশন
(গ) আউটসোর্সিং (ঘ) ভিডিও কনফারেন্স
উত্তর: (খ) অফিস অটোমেশন
১৬. বর্তমানে ভোটার আইডি কার্ড বা স্মার্ট কার্ড তৈরিতে কোন প্রযুক্তি সাহায্য করে?
(ক) টেলিভিশন (খ) রেডিও
(গ) ডাটাবেজ ও আইসিটি (ঘ) টাইপরাইটার
উত্তর: (গ) ডাটাবেজ ও আইসিটি
১৭. পণ্যের গায়ে থাকা মূল্য ও পরিচিতি দ্রুত জানার জন্য ব্যবহৃত হয় কোনটি?
(ক) বারকোড রিডার (খ) মাইক্রোফোন
(গ) প্রিন্টার (ঘ) স্পিকার
উত্তর: (ক) বারকোড রিডার
১৮. ঘরে বসে কর্মসংস্থানের নতুন ক্ষেত্র কোনটি?
(ক) ওডেস্ক বা ফ্রিল্যান্সিং সাইট (খ) স্কুল
(গ) বাজার (ঘ) হাসপাতাল
উত্তর: (ক) ওডেস্ক বা ফ্রিল্যান্সিং সাইট
১৯. পরীক্ষার ফলাফল ইন্টারনেটের মাধ্যমে দ্রুত পাওয়া কোন প্রযুক্তির অবদান?
(ক) আইসিটি (খ) চিকিৎসা প্রযুক্তি
(গ) কৃষি প্রযুক্তি (ঘ) মহাকাশ প্রযুক্তি
উত্তর: (ক) আইসিটি
২০. আইসিটি ব্যবহারের ফলে কোনটি হ্রাস পেয়েছে?
(ক) ইন্টারনেটের গতি (খ) তথ্যের আদান-প্রদান
(গ) কাগজের ব্যবহার (ঘ) মেধার ব্যবহার
উত্তর: (গ) কাগজের ব্যবহার